# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৫১

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২১. যে ব্যক্তি সাওয়াবের আশায় ধৈর্য্যের সাথে আল্লাহর রাস্তায় জিহাদ করে

## بَاب فِيمَنْ قَاتَلَ فِي سَبِيلِ اللَّهِ صَابِرًا مُحْتَسِبًا

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْمَجِيدِ حَدَّثَنَا ابْنُ أَبِي ذِئْبٍ عَنْ الْمَقْبُرِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ فَخَطَبَ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ ذَكَرَ الْجِهَادَ فَلَمْ يَدَعْ شَيْئًا أَفْضَلَ مِنْهُ إِلَّا الْفَرَائِضَ فَقَامَ رَجُلٌ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ مَنْ قُتِلَ فِي سَبِيلِ اللَّهِ فَهَلْ ذَلِكَ مُكَفِّرٌ عَنْهُ خَطَايَاهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَعَمْ إِذَا قُتِلَ صَابِرًا مُحْتَسِبًا مُقْبِلًا غَيْرَ مُدْبِرٍ إِلَّا الدَّيْنَ فَإِنَّهُ مَأْخُوذٌ بِهِ كَمَا زَعَمَ لِي جِبْرِيلُ

বাংলা

২৪৫১. আর কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের মধ্যে দাঁড়িয়ে কথা বলতে আরম্ভ করলেন। প্রথমে তিনি আল্লাহর যথাযথ হামদ ও ছানা বর্ণনা করলেন, এরপর (আল্লাহর রাস্তায়) জিহাদের সম্পর্কে আলোচনা করলেন। আর আল্লাহর নির্ধারিত ফরযসমূহ ব্যতীত অন্য সকল কিছুর চেয়ে জিহাদকে উত্তম ইবাদত বলে জানালেন। তখন এক ব্যক্তি দাঁড়িয়ে বললো: ইয়া রাসুলল্লাহ! দেখুন, যে ব্যক্তি আল্লাহর রাস্তায় শহীদ হয়, তাহলে কি তা তার সব পাপ মোচন কর দেবে? তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হ্যাঁ। যদি সে ধৈর্য সহকারে সওয়াবের আশায় সামনে অগ্রসর হয়ে পিছু না হটে যুদ্ধ করে, তবে ঋণ ব্যতীত। কেননা, তা আদায় করা হবে- জিবরীল (আঃ) আমাকে এরুপ জানিয়েছের।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, ইমারাহ ১৮৮৫;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল হুমাইদী নং ৪২৯ তে।

এর শাহিদ রয়েছে জাবির রাদ্বিয়াল্লাহু আনহু হতে আমরা যার তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৮৫৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82734

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন